ঝিনাইদহে মাদক সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নে মাদক সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) সকালে উপজেলার ৩নং সাগান্না ইউনিয়ন পরিষদে আনসার ও ভিডিপি সদস্যদের নিয়ে মাদক,সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পরিষদের আনসার ও ভিডিপি দলনেতা পারভেজ আহম্মেদ এর আহবানে এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন অত্র ইউনিয়নের প্রশিক্ষিত আনসার ও ভিডিপির ৫০ জন পুরুষ ও মহিলা সদস্যসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ। মতবিনিময় সভায় ইউনিয়ন আনসার ও ভিডিপি দলনেতা উপস্থিত সদস্যদের মাঝে মাদকের ভয়াবহতা, সন্ত্রাস ও সামাজিক অবক্ষয়ের ভয়াল চিত্র বিশদভাবে তুলে ধরেন। তিনি সকলকে এ বিষয়ে সতর্ক থাকার জোর তাগিদ দেন এবং তাদের পরিবার ও আত্মীয় স্বজনসহ সকলকে মাদকমুক্ত সমাজ গঠনে ভূমিকা রাখার আহবান জানান। দলনেতা পারভেজ আহম্মেদ সকল আনসার ও ভিডিপি সদস্যদের পরিবার ও তাদের আত্মীয় স্বজনকে মাদক ও সন্ত্রাসমুক্ত রাখার ব্যাপারে জোর দাবি জানান।

ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমানের ৫৫ তম শাহাদাতবার্ষিকী পালিত

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্যদিয়ে বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমানের ৫৫ তম শাহাদাত বার্ষিকী পালিত হয়েছে। আলোচনা সভা ও

দোয়া মাহফিলের মাধ্যমে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের আত্মার মাগফিরাত কামনা করা হয়েছে।

বুধবার সকালে শহরের কেন্দ্রীয় বাস টার্মিনালে মুক্তিযোদ্ধা সংসদ, গণতান্ত্রিক যুক্তফ্রন্ট, বাসদ ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মো. নোমান হোসেন সভায় সভাপতিত্ব করেন। সভায় বক্তব্য রাখেন জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের কমান্ডার আব্দুল মজিদ মাস্টার, সাবেক কমান্ডার মো. কামালুজ্জামান, জেলা পরিষদের প্রধান নির্বাহী সেলিম রেজা, অতিরিক্ত পুলিশ সুপার শেখ বিল্লাল হোসেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা ও বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমানের ভাতিজা হাফিজুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন, বাসন জেলা কমিটির আহ্বায়ক এ্যাড. আসাদুল ইসলাম আসাদ, সিপিবি জেলা শাখার সাধারণ সম্পাদক আবু তোয়াব অপু, বাংলাদেশ বিপ্লবী কমিউনিস্ট লীগ জেলা শাখার সাধারণ সম্পাদক শহিদুল এনাম পল্লব, জাতীয় গণফ্রন্টের জেলা সমন্বয়ক নেহাল আহমেদ সোহেল প্রমুখ। সভায় বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমানের বীরত্বগাঁথা নিয়ে আলোচনা ও স্মৃতিরোমন্থন করেন বীর মুক্তিযোদ্ধারা।

আলোচনা সভা শেষে মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী শ্রেষ্ঠ সন্তান বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমানের আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় দেশের সকল প্রয়াত ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ দোয়া করা হয়। দেশ ও জাতির কল্যাণ কামনায় এ সময় দোয়া মোনাজাত পরিচালনা করেন ঝিনাইদহ কেন্দ্রীয় জামে মসজিদের খতিব মাওলানা মো. সাইদুর রহমান।

ঝিনাইদহে জাতীয় নিরাপদ সড়ক

দিবস পালিত

‘নিরাপদ সড়ক সমৃদ্ধ দেশ’ সবার আগে বাংলাদেশ’ এই শ্লোগানে ঝিনাইদহে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন করা হয়েছে। জেলা প্রশাসন ও জেলা বিআরটিএ’র আয়োজনে বুধবার সকালে শহরের পানি উন্নয়ন বোর্ড থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। সেখানে বেলুন উড়িয়ে দিবসটির উব্দোধন করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে হয় আলোচনা সভা। এতে জেলা প্রশাসক নোমান হোসেন, জেলা পরিষদের প্রশাসক এ্যাড এম এ মজিদ, অতিরিক্ত পুলিশ সুপার শেখ বিল্লাল হোসেন, বিআরটির সহকারী পরিচালক দেবাশীষ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, সড়ক দুর্ঘটনা রোধে ট্রাফিক আইন মেনে চলা, চালকদের সচেতনতা বৃদ্ধি এবং পথচারীদের দায়িত্বশীল আচরণ নিশ্চিত করতে সরকারি উদ্যোগের পাশাপাশি সাধারণ মানুষকেও সচেতন হওয়ার আহবান জানান।

ঝিনাইদহে অবৈধ ভেটেরিনারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৫০ হাজার টাকা জরিমানা

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের আইনি স্বীকৃতি বা অনুমোদন ছাড়াই ভেটেরিনারি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার অভিযোগে ঝিনাইদহে এপেক্স ভেটেরিনারি মেডিকেল ইন্সটিটিউটকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে কাউন্সিলের স্বীকৃতি না পাওয়া পর্যন্ত প্রতিষ্ঠানটি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে ঝিনাইদহের কেন্দ্রীয় শহীদ মিনার সংলগ্ন এপেক্স ভেটেরিনারি মেডিকেল ইন্সটিটিউটে এ অভিযান পরিচালনা

করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট মেহেদি হাসান নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। এ সময় প্রসিকিউটর হিসেবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মিনাক্ষী নাগ উপস্থিত ছিলেন।

অভিযানকালে প্রতিষ্ঠানের বিভিন্ন অনিয়ম এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের স্বীকৃতি ছাড়া প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার অভিযোগে প্রতিষ্ঠানটিকে নগদ ৫০ হাজার টাকা অর্থদন্ড দেওয়া হয়।

এ ছাড়া বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের স্বীকৃতি না পাওয়া পর্যন্ত প্রতিষ্ঠানটির কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ দেন ভ্রাম্যমাণ আদালত।

উদ্বোধনের ৮ বছর পেরিয়ে গেলেও চালু হয়নি ঝিনাইদহের ৪টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র

চিকিৎসা জন্য নির্মাণ করা হয়েছে তিনতলা ভবন, রয়েছে আধুনিক চিকিৎসা সরঞ্জাম, শয্যা ও জেনারেটর ব্যবস্থা। চিকিৎসক ও কর্মীদের থাকার জন্য রয়েছে ডরমেটরিও।

কিন্তু প্রয়োজনীয় চিকিৎসক না থাকায় উদ্বোধনের আট বছর পরও পূর্ণাঙ্গভাবে চালু হয়নি ঝিনাইদহের চারটি ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র। এতে প্রত্যন্ত অঞ্চলের হাজারো দরিদ্র পরিবারের মা ও শিশুরা প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। বিশেষ করে গর্ভবতী মায়েদের প্রসবকালীন সেবা ও জটিল পরিস্থিতিতে চিকিৎসা পাওয়া নিয়ে ভোগান্তিতে পড়তে হচ্ছে।

স্বাস্থ্য বিভাগ জানায়, গ্রামীণ মানুষের দোরগোড়ায় মাতৃস্বাস্থ্য ও শিশুস্বাস্থ্যসেবা পৌঁছে দিতে ঝিনাইদহের শৈলকুপা উপজেলার দুধসর, সদর উপজেলার দক্ষিণ কাষ্টসাগরা, কালীগঞ্জ পৌরসভা এলাকা এবং শৈলকুপার কাঁচেরকোল গ্রামেও নির্মাণ করা হয়

১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র। ২০১৮ সালে কেন্দ্রগুলো উদ্বোধন করা হলেও চিকিৎসক সংকটে আট বছরেও সেগুলো পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হয়নি।

প্রতিটি তিনতলা ভবনে রয়েছে চিকিৎসার প্রয়োজনীয় অবকাঠামো, শয্যা, বিভিন্ন যন্ত্রপাতি এবং চিকিৎসক ও কর্মীদের আবাসনের ব্যবস্থা। বিদ্যুৎ চলে গেলে বিকল্প হিসেবে ব্যবহারের জন্য স্থাপন করা হয়েছে জেনারেটরও। গর্ভবতী মায়েদের সিজারিয়ান অস্ত্রোপচারসহ প্রসবকালীন সেবা এবং শিশুদের চিকিৎসা দেওয়ার লক্ষ্যেই নির্মাণ করা হয়েছিল এসব কেন্দ্র। কিন্তু প্রয়োজনীয় জনবল না থাকায় সরকারের এই উদ্যোগের সুফল পুরোপুরি পাচ্ছেন না স্থানীয় বাসিন্দারা।

দুধসর গ্রামের বাসিন্দা আব্দুল আওয়াল বলেন, আমাদের এলাকায় মা ও শিশুদের চিকিৎসার জন্য হাসপাতালটি করা হয়েছে। কিন্তু ডাক্তার না থাকায় আমরা ঠিকমতো চিকিৎসা পাই না। বিশেষ করে গর্ভবতী নারীদের জরুরি প্রয়োজনে দূরের হাসপাতালে নিতে হয়।

একই গ্রামের বাসিন্দা রাশিদা বেগম বলেন, গরিব মানুষের জন্য হাসপাতালটি অনেক উপকারে আসতে পারত। ভবন আছে, বেড আছে, কিন্তু প্রয়োজনীয় চিকিৎসাসেবা নেই। সরকার যেন দ্রুত চিকিৎসক নিয়োগ দিয়ে আমাদের এলাকার মানুষের চিকিৎসার ব্যবস্থা করে।

কাঁচেরকোল গ্রামের বাসিন্দা জাহিদুল ইসলাম বলেন, এত টাকা খরচ করে হাসপাতাল নির্মাণ করা হয়েছে, অথচ মানুষ প্রয়োজনীয় সেবা পাচ্ছে না। দ্রুত জনবল নিয়োগ দিয়ে হাসপাতালগুলো পূর্ণাঙ্গভাবে চালু করা হলে এলাকার হাজারো মানুষ উপকৃত হবে।

ঝিনাইদহ পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক মোহাম্মদ মোজাম্মেল করিম জানান, কেন্দ্রগুলো চালু রাখার উদ্যোগ রয়েছে।

তবে চিকিৎসক নিয়োগ না হওয়ায় পূর্ণাঙ্গ সেবা দেওয়া সম্ভব হচ্ছে না। প্রতিটি কেন্দ্রে দুজন করে চিকিৎসক নিয়োগের সুপারিশ করা হয়েছে। নিয়োগ সম্পন্ন হলে স্বাস্থ্যসেবার মান বাড়ানো সম্ভব হবে।

মোবারকগঞ্জ সুগার মিলে আখচাষিদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

আধুনিক কলাকৌশল প্রয়োগের মাধ্যমে আখের একরপ্রতি ফলন বৃদ্ধির লক্ষ্যে মোবারকগঞ্জ সুগার মিলসের মিল গেট-বি সাবজোনের উদ্যোগে আখচাষি প্রশিক্ষণ-২০২৬ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ৯টায় আয়োজিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোবারকগঞ্জ সুগার মিলস লিমিটেডের মহাব্যবস্থাপক (কৃষি) গৌতম কুমার মণ্ডল। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিনিকলটির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আ. ন. ম. জোবায়ের।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিজিএম (সম্প্রসারণ ও ঋণ) ইমরুল হাসান, ডিজিএম (এসআই অ্যান্ড এগ্রো.) কানিজ ফাতেমা, ডিএম (ইক্ষু সংগ্রহ) মো. রবিউল আলম এবং মোচিক শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. জাহিদুল ইসলাম জাহিদ।

এ ছাড়া মিলের গেট-বি সাবজোন প্রধান দেবেন্দ্রনাথ মণ্ডল ও সহকারী ব্যবস্থাপক (সম্প্রসারণ) উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণে বক্তারা আধুনিক ও বিজ্ঞানসম্মত পদ্ধতিতে আখের ফলন বৃদ্ধির বিভিন্ন দিক তুলে ধরেন। তাঁরা বলেন, আখের উৎপাদন বাড়িয়ে চিনিকলগুলোকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করতে কৃষকদের আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে।

সঠিক সময়ে সার প্রয়োগ, রোগবালাই দমন ও উন্নত জাতের আখ চাষের মাধ্যমে একরপ্রতি ফলন কীভাবে বাড়ানো সম্ভব, সে বিষয়ে চাষিদের বিস্তারিত দিকনির্দেশনা দেওয়া হয়।

অনুষ্ঠানে চিনিকলের ঊর্ধ্বতন কর্মকর্তা ও স্থানীয় আখচাষিরা প্রশিক্ষণে অংশ নেন। এ সময় চাষাবাদসংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও মতবিনিময় হয়।

ঝিনাইদহ প্রেস ইউনিটির সাধারণ সম্পাদক আনোয়ার হোসেনের ইন্তেকাল

ঝিনাইদহ প্রেস ইউনিটির সাধারণ সম্পাদক ও দীপায়ন সাংস্কৃতিক একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক বি. এম. আনোয়ার হোসেন (৪৫) ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সোমবার (২৬ অক্টোবর) দুপুর ১টার দিকে শহরের আজাদ রেস্ট হাউস মোড় এলাকায় নিজ অফিসের কাছে একটি চায়ের দোকানে চা পান করতে যান তিনি।

এ সময় হঠাৎ বুকে ব্যথা অনুভব করলে অসুস্থ হয়ে পড়েন। পরে স্থানীয়রা তাঁকে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

আনোয়ার হোসেন শহরের হামদহ শেখপাড়া গ্রামের মৃত জলিল বিশ্বাসের ছেলে। ২০০৩ সালে তিনি দীপায়ন সাংস্কৃতিক একাডেমি প্রতিষ্ঠা করেন। এ প্রতিষ্ঠানের মাধ্যমে নাটক, গান ও কবিতার আসর আয়োজন করে ঝিনাইদহের সাংস্কৃতিক অঙ্গনে সাড়া ফেলেন তিনি।

মৃত্যুকালে তিনি মা, স্ত্রী, দুই ছেলে, আত্মীয়স্বজনসহ অসংখ্য ভক্ত, অনুরাগী ও গুণগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে ঝিনাইদহ প্রেস ইউনিটির সভাপতি পল্লব মিয়া, ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি এম. রায়হানসহ সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মীরা শোক ও সমবেদনা জানিয়েছেন।

এনসিপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক হলেন তারেক রেজা

চব্বিশের গণ-অভ্যুত্থানের চেতনাকে ধারণ করে দেশের রাজনৈতিক সংস্কার ও পুনর্গঠনে কাজ করা জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কেন্দ্রীয় সাংগঠনিক কাঠামোয় গুরুত্বপূর্ণ দায়িত্ব পেয়েছেন ঝিনাইদহের ছেলে তারেক রেজা।

তাঁকে দলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (ডায়াস্পোরা-মধ্যপ্রাচ্য ও আফ্রিকা অঞ্চল) পদে মনোনীত করা হয়েছে।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম সদস্যসচিব ও দপ্তর সম্পাদক মো. হামিদ পারভেজ মিয়া এক সাংগঠনিক বিবৃতিতে এ তথ্য জানান।

তারেক রেজা এর আগে জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব এবং ধর্ম ও সম্প্রীতি সেলের সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি তিনি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়কের দায়িত্বেও ছিলেন তিনি।

দলীয় সূত্রে জানা গেছে, মধ্যপ্রাচ্য ও আফ্রিকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে সাংগঠনিক যোগাযোগ জোরদার করা এবং তাঁদের দলের কার্যক্রম ও দেশের পুনর্গঠন প্রক্রিয়ায় সস্পৃক্ত করার লক্ষ্যে তাঁকে এ দায়িত্ব দেওয়া হয়েছে। নতুন আন্তর্জাতিক সাংগঠনিক দায়িত্ব পালনে মনোযোগ দেওয়ার জন্য তারেক রেজা ঝিনাইদহ জেলা আহ্বায়কের পদ থেকে পদত্যাগ করেছেন বলে জানা গেছে।

তারেক রেজার নতুন দায়িত্বপ্রাপ্তিতে অভিনন্দন জানিয়ে ঝিনাইদহ জেলা এনসিপির যুগ্ম সদস্যসচিব ও দপ্তর সম্পাদক মো. হামিদ পারভেজ মিয়া বলেন, “তারেক রেজাকে কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (ডায়াস্পোরা-মধ্যপ্রাচ্য ও আফ্রিকা অঞ্চল) পদে মনোনীত করায় ঝিনাইদহ জেলা এনসিপি আনন্দিত ও গর্বিত। তাঁর নতুন দায়িত্বে সাফল্য কামনা করছি।”

তিনি আরও বলেন, “জেলা আহ্বায়কের দায়িত্ব থেকে সরে দাঁড়ালেও ঝিনাইদহে এনসিপির সাংগঠনিক কার্যক্রমের সঙ্গে তাঁর সম্পৃক্ততা ও সহযোগিতা অব্যাহত থাকবে বলে আমরা আশা করি। তাঁর নতুন দায়িত্ব

কেন্দ্রীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দলের সাংগঠনিক যোগাযোগ সম্প্রসারণে ভূমিকা রাখবে।”

নতুন দায়িত্ব প্রসঙ্গে তারেক রেজা বলেন,“ঝিনাইদহের স্থানীয় দায়িত্ব থেকে সরে দাঁড়ানো দলের সঙ্গে দুরত্ব তৈরি করার বিষয় নয়; বরং কেন্দ্রীয় ও ডায়াস্পোরা কার্যক্রমকে আন্তর্জাতিক পরিমন্ডলে আরও শক্তিশালী করার একটি দায়িত্বপূর্ণ পদক্ষেপ। মধ্যপ্রাচ্য ও আফ্রিকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে সাংগঠনিক সম্পর্ক জোরদার, তাঁদের অধিকার ও স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো তুলে ধরা এবং দেশের রাজনৈতিক ও সামাজিক পুনর্গঠন প্রক্রিয়ায় তাঁদের সস্পৃক্ত করতে কাজ করতে চাই। দলের অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে আমি সচেষ্ট থাকব।”

জাতীয় নাগরিক পার্টি আশা প্রকাশ করেছে, তারেক রেজার নতুন দায়িত্বের মাধ্যমে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে দলের সাংগঠনিক যোগাযোগ আরও সুদৃঢ় হবে। একই সঙ্গে দেশ ও প্রবাসের মধ্যে সমন্বয় বাড়িয়ে বৈষম্যহীন বাংলাদেশ গঠনের প্রচেষ্টায় দলের কার্যক্রম আরও বিস্তৃত হবে বলে দলীয় নেতাকর্মীরা প্রত্যাশা করছেন।

ঝিনাইদহ জেলা জাতীয় ছাত্রশক্তির সদস্য সচিব হলেন সাকিব রানা

জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয় সংসদের অনুমোদনে ঝিনাইদহ জেলা শাখার ছয় মাস মেয়াদি আংশিক আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। নবগঠিত কমিটিতে সদস্য সচিব হিসেবে দায়িত্ব পেয়েছেন সাকিব রানা। একই কমিটিতে মীর রাকিবকে আহ্বায়ক এবং আব্দুল হাকিমকে মুখ্য সংগঠক করা হয়েছে।

জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয় সভাপতি আবু বাকের মজুমদার ও সাধারণ সম্পাদক তাহমীদ আল মুদ্দাসসির চৌধুরীর স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

সাকিব রানা সদস্য সচিব মনোনীত হওয়ায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম সদস্য সচিব (দপ্তর) মোঃ হামিদ পারভেজ মিয়া।

এক অভিনন্দন বার্তায় তিনি বলেন,“নেতৃত্বের প্রকৃত মূল্যায়ন হয় ত্যাগ, সাহস ও কর্মের মাধ্যমে। স্কাউটিং, দুর্যোগকালীন মানবিক সেবা এবং জুলাই আন্দোলনে সাকিব রানার ভূমিকা প্রশংসনীয়। তাঁর নেতৃত্বে ঝিনাইদহের শিক্ষার্থীরা ঐক্যবদ্ধ হবে এবং শিক্ষার্থীদের অধিকার রক্ষায় জাতীয় ছাত্রশক্তির কার্যক্রম আরও গতিশীল হবে বলে আশা করি।”

সদস্য সচিব হিসেবে মনোনীত হওয়ার পর সাকিব রানা কেন্দ্রীয় নেতৃত্বের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, “জাতীয় ছাত্রশক্তি কেন্দ্রীয় সংসদ আমাকে যে দায়িত্ব দিয়েছে, তা নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে পালনের চেষ্টা করব। স্কাউটিং, মহামারি ও বন্যার সময় মানুষের পাশে থাকার অভিজ্ঞতা আমাকে মানবসেবার শিক্ষা দিয়েছে। ২০২৪ সালের জুলাই আন্দোলনে তিনবার আহত হয়েও আমরা পিছিয়ে যাইনি। সেই অভিজ্ঞতা ও চেতনাকে ধারণ করে শিক্ষার্থীদের অধিকার রক্ষা এবং বৈষম্যহীন সমাজ গঠনে কাজ করতে চাই। এ জন্য সবার দোয়া ও সহযোগিতা কামনা করছি।”

সাকিব রানার নতুন দায়িত্বকে ঘিরে স্থানীয় ছাত্রসমাজ ও শুভাকাঙ্খীদের মধ্যে প্রত্যাশা তৈরি হয়েছে। সংশ্লিষ্টদের প্রত্যাশা, নতুন কমিটি শিক্ষার্থীদের ন্যায্য দাবি, অধিকার ও কল্যাণে কার্যকর ভূমিকা রাখবে।

শৈলকুপায় প্রবাসীর বাড়িতে ডাকাতি, নগদ টাকা ও স্বর্ণালংকার লুট

ঝিনাইদহের শৈলকুপায় এক প্রবাসীর বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। ডাকাতদল গৃহকর্তাকে অস্ত্রের মুখে জিম্মি করে বেঁধে রেখে লুট

করেছে নগদ টাকা ও স্বর্ণালংকার।

রবিবার (২৫ অক্টোবর) রাত ৩ টার দিকে উপজেলার বসন্তপুর গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, রাত ৩ টার দিকে ওই গ্রামের সৌদি প্রবাসী বাধন মোল্লা বাড়িতে প্রবেশ করে অস্ত্রধারী একদল ডাকাত। তারা জানালা দিয়ে প্রথমে বাধনের পিতা মাসুম মোল্লাকে অস্ত্রের মুখে জিম্মি করে দরজা খুলতে বলে। দরজা খুললে পরে তাকে খুটির সাথে বেঁধে রেখে ঘর থেকে নগদ ৫ লাখ টাকা ও দুই ভরি স্বর্ণালংকার নিয়ে পালিয়ে যায়। সকালে প্রতিবেশীরা এসে তাকে খুটির সাথে বাধা অবস্থায় দেখে পুলিশের খবর দেয়। খবর পেয়ে পুলিশ এসে তাকে উদ্ধার করে। এই ঘটনায় জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনা হবে বলে জানিয়েছে পুলিশ।

শৈলকুপা থানার ওসি হুমায়ুন কবির মোল্লা বলেন, ডাকাতির ঘটনাটি একটু সন্দেহ আছে। কারণ মাসুম মোল্লার কাছে অনেকে টাকা পাবে। এই জন্য সে নাটক সাজিয়ে ডাকাতি বলার চেস্টা করছে বলে সন্দেহ করছি। বিষয়টি নিয়ে তদন্ত চলমান। বিস্তারিত তদন্ত শেষে জানা যাবে।